দৈনিক ইনকিলাব

MAY 21 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ৭ কলাম ... ২ ...

# সুনামগঞ্জে ২৫ সহস্রাধিক শিক্ষার্থীর জন্য মাত্র ২২টি কলেজ

এএফএম ফারুক ।। সুনামগঞ্জ জেলার প্রায় ২৫ সহস্রাধিক কলেজ পড়ুয়া শিক্ষার্থীর জন্য বিগত কোন সরকারের আমলেই সরকারীকরণ করা হয়নি। ২০ লক্ষাধিক লোকের দীর্ঘদিনের প্রাণের দাবী থাকলেও একটি কলেজ সরকারীকরণের ক্ষেত্রে ও জেলাবাসীর সেই দাবীটি কোন সরকারই আমলে নেয়নি। গত সরকারের আমলে সুনামগঞ্জের দুই প্রভাবশালী নেতার কাছে জেলার ২২টি কলেজের মধ্যে অন্তত একটি কলেজ সরকারী করতে শিক্ষানুরাগী লোকজনদের বারবার অনুরোধ করতে দেখা যায়। কিন্তু আওয়ামী লীগ সরকারের শীর্ষ দু'নেতা আভ্যন্তরীণ কোন্দল ও প্রতিহিংসার রাজনীতিতে জড়িয়ে পড়লে কলেজ সরকারীকরণসহ এলাকার উন্নয়নে জেলাবাসীকে চরম হতাশায় ভুগতে দেখা গেছে। জানা গেছে, ছাতকের জাউয়া বাজারে এলাকাবাসীর উদ্যোগে স্থাপিত একটি কলেজের এমপিওভুক্তির আবেদন করলে আওয়ামী লীগের (সাবেক) এমপি মুহিবুর রহমান মানিক সে সময়ে নিজের ভিজিটিং কার্ডে লিখে এমপিওভুক্ত করতে মন্ত্রীর কাছে প্রবল আপত্তি তোলেন। কার্ডের মধ্যে কারণ হিসেবে উল্লেখ করা হয়, জাউয়া কলেজ প্রতিষ্ঠাতার সাথে জড়িত লোকজন তার দলীয় প্রতিপক্ষ আলহাজ্ব আব্দুস সামাদের সমর্থক। এ জন্য মন্ত্রী যেন ওই কলেজকে এমপিওভুক্তির ক্ষেত্রে বাধা প্রদান করেন। কারণ স্থানীয় এমপি প্রতিপক্ষ সেন গ্রুপের সমর্থক। এভাবেই গত আওয়ামী লীগ সরকারের আমলে জেলার উন্নয়ন কর্মকাণ্ডে একে অপরের বিরুদ্ধে তীব্র প্রতিদ্বন্দ্বী হয়ে ওঠেন। শিক্ষা প্রতিষ্ঠান ও তাদের দলীয় আভ্যন্তরীণ কোন্দলের সাপপাশ ছিন্ন করতে পারেনি। এ জন্য একটি কলেজ এখনও সরকারীকরণের অন্তর্ভুক্ত করা হয়নি। জানা গেছে, জেলার প্রায় ২৫ সহস্রাধিক শিক্ষার্থী ২২টি কলেজে অধ্যয়ন